

# মধ্যরাতে 'রাজাকার' স্লোগানে উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়

: সোমবার, ১৫ জুলাই ২০২৪



কোটা নিয়ে বিভিন্ন বক্তব্যের প্রেক্ষিতে মধ্যরাতে হঠাৎ উত্তাল হয়ে উঠে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাস। প্রতিটি হল থেকে শিক্ষার্থীরা বের হয়ে জড়ো হন ভিসি চত্বরে।

রবিবার (১৪ জুলাই) রাত ১১টার দিকে ক্যাম্পাসের বিভিন্ন হল থেকে বের হয়ে আসেন শিক্ষার্থীরা। এ সময় শিক্ষার্থীরা স্লোগান দেন 'আমি কে, তুমি কে, রাজাকার, রাজাকার'। তারা আরও স্লোগান দেন — 'কে বলেছে, কে বলেছে, সরকার, সরকার'। তাদের স্লোগান — 'চাইতে গেলাম অধিকার হয়ে গেলাম রাজাকার'।

তারা সরকারের কর্মকর্তাদেরও বলতে থাকেন 'তুই রাজাকার'। তারা 'ঢাবির মাটি রাজাকারের ঘাঁটি' বলেও স্লোগান দেন।

সরেজিমনে দেখা যায়, শিক্ষার্থীরা মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল, হাজী মুহম্মদ মুহসিন হল, সূর্যসেন হল, বিজয় একাত্তর হল, কবি জসিম উদদীন হলসহ সব হল থেকে শিক্ষার্থীরা হলপাড়ায় মিছিল নিয়ে এসে সমবেত হন। এছাড়াও শহীদুল্লাহ হল, জগন্নাথ হল, এফএইচ হল, একুশে হল, রোকেয়া হলের শিক্ষার্থীরা জড়ো হন টিএসসিতে।

পরে টিএসসি থেকে মিছিল নিয়ে তারা হলপাড়ায় যোগ দেন। মেয়েদের তিনটি হল থেকে শিক্ষার্থীরা গেট ভেঙে বের হন।

এ সময় বিজয় একাত্তর হলের গেট বন্ধ করে দেয় ওই হলের ছাত্রলীগের পদপ্রত্যাশী নেতারা। শিক্ষার্থীরা জোর করে ভিতরে ঢুকতে চাইলে তাদের ওপর বারবার আক্রমণাত্মক হয়ে ওঠেন ওই হলের পদপ্রত্যাশী নেতা ও বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মোনাফ প্রান্ত। যদিও পরবর্তীতে শিক্ষার্থীরা হল গেট খুলে ভিতরে প্রবেশ করেন।





সেখানে প্রায় বিশ মিনিট অবস্থান করে আন্দোলনকারীরা মুহসীন হল, সূর্য সেন হল, জহুরুল হক হল, এফ রহমান হলে প্রবেশ করে ছাত্রলীগ কর্তৃক অবরুদ্ধ শিক্ষার্থীদের বের করে নিয়ে আসে। এসময় বাধা দিতে গেলে বেশ কয়েকজন ছাত্রলীগ কর্মী আহত হন।

আন্দোলনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে প্রায় বিশ মিনিটের মতো অবস্থান করে স্লোগান দিতে থাকেন। সর্বশেষ টিএসসি এসে দেড় ঘন্টার মতো অবস্থান ও বিক্ষোভ প্রদর্শন করে। রাত দেড়টার দিকে তারা টিএসসি ত্যাগ করেন।

এছাড়া বুয়েট ও ইডেন কলেজের শিক্ষার্থীরাও বিক্ষোভ মিছিল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এদিকে ঢাকা মহানগর ছাত্রলীগের নেতা-কর্মীদের লাঠি-সোঠা নিয়ে নীলক্ষেত ও শাহবাগ মোড়ে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। এসময় শিক্ষার্থীদের মাঝে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়,  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষার্থীরাও তাদের ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে।

## শীর্ষ সংবাদ

শিরোপা স্পেনের, ইংলিশদের  
ইউরো জয়ের স্বপ্ন অধরা

কক্সবাজার পৌরসভার উন্নয়ন  
প্রকল্প পরিদর্শন করলেন জাইকার  
প্রতিনিধি দল

রাখাইনে সংঘর্ষের তীব্রতা বেড়েছে  
বাংলাদেশে প্রবেশের অপেক্ষায় ২  
ট্রলার

জাবিতে বৈষম্যমূলক কোটা সংস্কার  
আন্দোলনে শিক্ষকদের সংহতি

রংপুরে শিক্ষার্থীদের কোটা বিরোধী  
বিক্ষোভ, জেলা প্রশাসকের কার্যালয়  
ঘেরাও স্মারক লিপি প্রদান

কোটা সংস্কারের দাবিতে  
নারায়ণগঞ্জে মিছিল

‘হাত যখন দিয়েছি, ছাড়ব না’

বাংলাদেশ স্টার্টআপ সামিট আগামী  
২৭-২৮ জুলাই অনুষ্ঠিত হবে

রাত হলেই বাঁশখালীর ৫ স্পট থেকে  
পাচার হয় কোটি টাকার মাছ

টানা দশমবার “জাতীয় রপ্তানি  
ট্রফি” অর্জন করল সার্ভিস ইঞ্জিন  
লিমিটেড

ট্রাম্পের ওপর হামলা

টফিতে অরিজিনাল ওয়েব সিরিজ  
‘রইলো বাকি দশ’

সিলেটে ৭ জুয়াড়ি গ্রেফতার

প্রশ্নপত্র কিনে সহযোগী দুই ভাইকে  
দিতেন পিএসসির অফিস সহায়ক  
সাজেদুল

রাজধানীতে গ্যাস সংকট, চুলা জ্বলে  
না বাসাবাড়িতে

সংসদের জরুরি অধিবেশন ডেকে  
দৃশ্যমান পদক্ষেপ চায় কোটা  
আন্দোলনকারীরা

সিলেট সীমান্তে খাসিয়াদের গুলিতে  
দুই বাংলাদেশি নিহত

লাফার্জ হোলসিমের বর্জ্য  
ব্যবস্থাপনা পরিদর্শন করেছে  
নারায়নগঞ্জ সিটি করপোরেশন  
কর্মকর্তারা

দুই দফা বৈঠক করেও আন্দোলনের  
দিনক্ষণ নির্ধারণ করতে পারেনি  
বিএনপির হাইকমান্ড